গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

স্মারক নম্বর-৪৪.০৩.০০০০.০০৩.৯৯.০১৮.২৬-৯৭৯৮ তারিখ: ০৮/০৪/১৪৩৩ ব.
২৩/০৭/২০২৬ খ্রি.

## অফিস আদেশ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, উপসহকারী পরিচালক হতে উপপরিচালক পর্যন্ত কর্মকর্তাগণ বিভিন্ন সিলিং অনুযায়ী ফায়ার রিপোর্ট প্রদানের ক্ষমতাপ্রাপ্ত হলেও পুলিশ বিভাগ কর্তৃক বিভিন্ন তদন্ত ও আদালতে প্রক্রিয়াধীন মামলার প্রয়োজনের ক্ষেত্রে চাহিত সকল আবেদনপত্র অধিদপ্তরে প্রেরণ করা হচ্ছে। ফলে অধিদপ্তরের দাপ্তরিক কার্যক্রমে জটিলতাসহ পুলিশ বিভাগকে সময়মত ফায়ার রিপোর্ট/ প্রাথমিক তদন্ত প্রতিবেদন প্রদান বিলম্বিত হচ্ছে। তদপ্রেক্ষিতে দাপ্তরিক কাজের গতিশীলতা আনয়ন এবং সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে পুলিশ বিভাগ হতে ফায়ার রিপোর্ট প্রাপ্তির জন্য আবেদন গৃহীত হলে অগ্নিকান্ডের ক্ষয়ক্ষতি/হতাহতের ব্যাপকতা অনুযায়ী সংশ্লিষ্ট জেলার উপসহকারী/সহকারী পরিচালকগণ বিভাগীয় উপপরিচালকের নির্দেশনা মতে উক্ত অগ্নিকান্ডের তদন্ত করতঃ ফায়ার রিপোর্ট/অগ্নিকান্ডের প্রাথমিক প্রতিবেদন (উপসহকারী/সহকারী পরিচালক দপ্তর কর্তৃক যথাযথভাবে প্রস্তুতপূর্বক) প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পাশাপাশি বিষয়টি অবগতির জন্য অধিদপ্তরের অপারেশন শাখায় অনুলিপি প্রেরণ করবেন। উক্ত প্রতিবেদনে সম্ভাব্য অগ্নিকান্ডের কারণ, ক্ষয়ক্ষতির পরিমাণ এবং আহত ও নিহতের সংখ্যা (যদি থাকে) উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ফায়ার রিপোর্ট/অগ্নিকান্ডের প্রাথমিক প্রতিবেদন প্রদানের ক্ষেত্রে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে যথাযথ তদন্ত ব্যতীত দায়ী করা হতে বিরত থাকতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩/০৭/২০২৬

লেঃ কর্নেল মোঃ মাহমুদুল হাসান, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

বিতরণঃ (অবগতি ও কার্যার্থে)।

১। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২। উপপরিচালক, (প্রশাঃ ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পরিকল্পনা কোষ)/(উন্নয়ন)/(এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর-১০, ঢাকা।
৪। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/সিলেট।
৫। সহকারী পরিচালক, (প্রশাঃ ও অর্থ)/(অপারেশন)/(ওয়ারহাউজ এন্ড ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও স্টোর)/(পরিকল্পনা কোষ)/(প্রশিক্ষণ)/ (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। উপাধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর-১০, ঢাকা।
৭। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ..............................................জেলা (সকল)।
৮। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,..............................................(সকল)।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষ/ফায়ার সেফটি সেল/রিফর্ম সেল/আইসিটি/ইআরসিসি/মিডিয়া সেল/আইডি কার্ড সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১। সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন........................................ (সকল)।
১২। অফিস কপি।

D:\OPERATION SECTION-2\অফিস আদেশ\অগ্নিকান্ড তদন্ত রিপোর্ট\2026\Latter..Docx